গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
নেজারত শাখা

# নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে গঠিত জেলা টাস্কফোর্স কমিটির জানুয়ারি/২০২০ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এ জেড এম নূরুল হক<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৩ জানুয়ারি ২০২০ খ্রি. |
| সভার সময় | বিকাল ৪.০০টা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়। সভায় জেলা বাজার অনুসন্ধানকারী চলতি বাজার দর উপস্থাপন করেন। উপস্থাপিত বাজার দরের সাথে বিগত মাসের বাজার দরের তুলনা এবং মূল্য বৃদ্ধির কারণ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | প্রতিটি দোকানে নিত্য প্রয়োজনীয় পণ্যের "দৈনিক বাজার দরের মূল্য তালিকার প্রদর্শনী বোর্ড" ক্রেতা সাধারণের সুবিধার্থে দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা এবং বাজারদর প্রতিদিন হালনাগাদকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতিটি দোকানমালিক নিজ দায়িত্বে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য তালিকা নির্ধারিত বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে চেম্বার অব কমার্স এবং জেলা বাজার অনুসন্ধানকারী ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। বিজ্ঞ অতিঃ জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। মেয়র, পৌরসভা (সকল), চাঁপাইনবাবগঞ্জ<br>৪। জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁপাইনবাবগঞ্জ<br>৫। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চাঁপাইনবাবগঞ্জ |
| ০২ | সোনামসজিদ স্থলবন্দরের মাধ্যমে কী পরিমাণ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি (চাল, ডাল, পেঁয়াজ ও রসুন ইত্যাদি) আমদানি সংক্রান্ত মাসিক প্রতিবেদন সভায় আলোচনা করা হয়। | সোনামসজিদ স্থলবন্দরের মাধ্যমে কী পরিমাণ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি (চাল, ডাল, পেঁয়াজ ও রসুন ইত্যাদি) আমদানি হচ্ছে তার মাসিক প্রতিবেদন সংগ্রহপূর্বক প্রতি সভায় পেশ করতে হবে। | জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৩ | "Essential Commodities Control Order, 1981" অনুযায়ী ডিলিং লাইসেন্স এবং "বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা-২০১৬" অনুযায়ী হোটেল ও রেস্তোরাঁর লাইসেন্স গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) অবৈধভাবে ব্যবসা পরিচালনার বিষয়ে পত্র প্রদান করা হলেও এ বিষয়ে কোনো আশানুরূপ ফলাফল পাওয়া যায়নি। চেম্বার অব কমার্স এ বিষয়ে সকল উপজেলায় (বিশেষ করে শিবগঞ্জ ও গোমস্তাপুর) কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২) সকল উপজেলা নির্বাহী অফিসার তার অধীনস্থ এলাকায় এ বিষয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। বিজ্ঞ অতিঃ জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ<br>৩। সভাপতি, দি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চাঁপাইনবাবগঞ্জ<br>৪। জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁপাইনবাবগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | মাংস বিক্রীর পর মাংস বিক্রীর স্থানটি পরিষ্কার-পরিচ্ছন্ন এবং মাংস বিক্রীর পর স্থানটি শাটার গেট দিয়ে বন্ধ রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | এ বিষয়ে চাঁপাইনবাবগঞ্জের সকল পৌরসভার মেয়র এবং মাংস ব্যবসায়ী সমিতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। মেয়র, পৌরসভা (সকল), চাঁপাইনবাবগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩।সভাপতি, চেম্বার অব কমার্স, চাঁপাইনবাবগঞ্জ<br>৩। সভাপতি, মাংস বিক্রেতা ব্যবসায়ী সমিতি |
| ০৫ | আসন্ন মাহে রমজান উপলক্ষ্যে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা হয়। | এপ্রিল/২০২০ মাসে পবিত্র মাহে রমজান। রমজান মাসে কেউ যাতে অবৈধ মজুদের মাধ্যমে পণ্যের সংকট বা মূল্য বৃদ্ধি করতে না পারে এ বিষয়ে নিয়মিত বাজার তদারকি এবং ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ<br>২। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ<br>৩। জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁপাইনবাবগঞ্জ<br>৪। সভাপতি, রেস্তোরা মালিক সমিতি, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৬ | নিত্য প্রয়োজনীয় পণ্যের লিগাল প্রাইস (যৌক্তিক মূল্য) নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী সভায় জেলা বাজার অনুসন্ধানকারী পত্রসহ বিষয়টি উত্থাপন করবেন। | ১। জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৭ | গরু, খাসি, মহিষ, ভেড়া এবং ছাগল এর মাংসের বিভিন্ন অংশে নির্দিষ্ট সীল এর ব্যবহার। | গরু, খাসি, মহিষ, ভেড়া ও ছাগলের মাংসের বিভিন্ন অংশে নির্দিষ্ট সীল এর ব্যবহার এবং চাঁপাইনবাবগঞ্জ পৌরসভায় গত ০১ মাসে মোট কতটি প্রাণি জবেহ এবং সীল মারা হয়েছে তার তালিকা সভার পূর্বে এ কার্যালয়কে অবহিত করার জন্য চাঁপাইনবাবগঞ্জ পৌরসভাকে বলা হয়। | ১। মেয়র, পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা<br>২। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ<br>৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ<br>৪। স্যানিটারি ইন্সপেক্টর, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা |
| ০৮ | খাবারে ভেজাল এবং ক্ষতিকারক রং/কেমিকেল মিশ্রণ এবং অপরিচ্ছন্ন পরিবেশে খাবার পরিবেশনের বিষয়ে সভায় আলোচনা হয়। | রেস্তোরাঁ সমিতির মালিকগণকে উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। এছাড়া রেস্তোরাঁসমূহে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাও অব্যাহত থাকবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ<br>২। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ<br>৩। জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁপাইনবাবগঞ্জ<br>৪। সভাপতি, রেস্তোরা মালিক সমিতি, চাঁপাইনবাবগঞ্জ |

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এ জেড এম নূরুল হক
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৩.৭০০০.০০৯.০৬.০০১.২০.৭৮

তারিখ: ১২ মাঘ ১৪২৬
২৬ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
২) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৪) অধিনায়ক, ৫৩ বিজিবি ব্যাটালিয়ান, চাঁপাইনবাবগঞ্জ
৫) পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
৭) মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
৮) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, চাঁপাইনবাবগঞ্জ
৯) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চাঁপাইনবাবগঞ্জ
১০) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম), চাঁপাইনবাবগঞ্জ
১১) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
১২) জেলা প্রাণিসম্পদ অফিসার, জেলা প্রাণিসম্পদ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
১৩) উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
১৪) উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
১৫) উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ
১৬) উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৭) উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
১৮) জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
১৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ
২০) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
২১) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ
২২) জেলা বাজার অনুসন্ধানকারী, কৃষি বিপণন অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ
২৩) সহঃ বন সংরক্ষক, বন বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ
২৪) ঔষধ তত্ত্বাবধায়ক, চাঁপাইনবাবগঞ্জ
২৫) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চাঁপাইনবাবগঞ্জ



মোহাম্মদ রবিন মিয়া
নেজারত ডেপুটি কালেক্টর